# এনসিপি শুরু করছে স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতি: সারজিস আলম



সারজিস আলম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) স্থানীয় সরকার নির্বাচনের জন্য পরিকল্পনা ও প্রস্তুতি শুরু করেছে। দলটির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক ও স্থানীয় সরকার নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান সারজিস আলম মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) রাজধানীর বাংলামোটরে এনসিপির কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ তথ্য জানান।

সারজিস আলম বলেন, দেশ এখন একটি নতুন গণতান্ত্রিক উত্তরণের পথে এগোচ্ছে এবং এনসিপি তৃতীয় প্রধান রাজনৈতিক দল হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছে। তিনি আরও উল্লেখ করেন, নানা প্রতিকূলতা পার করে এনসিপি জাতীয় নির্বাচনে অংশগ্রহণ করেছে, তাই স্থানীয় সরকার নির্বাচনে কোনো ধরনের ত্রুটি এড়াতে দল পুরোপুরি সতর্ক থাকবে।

এনসিপি নেতা জানান, আগামী কয়েক সপ্তাহের মধ্যে উপজেলা ও সাংগঠনিক অঞ্চলে প্রাথমিকভাবে স্থানীয় পর্যায়ের প্রার্থী তালিকা ঘোষণা করা হবে।

LENS ASIA